

কৃষি ঋণ ও আর্থিক সেবাভুক্তি বিভাগ
(কৃষি ঋণ মনিটরিং উপ-বিভাগ)

এসিএফআইডি সার্কুলার লেটার নং-০৪

২২ কার্তিক ১৪১৯

তারিখ- -----

০৬ নভেম্বর ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
সোনালী/জনতা/অগ্রনী /রূপালী ব্যাংক লিঃ
বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়,
ঢাকা/রাজশাহী।

প্রিয় মহোদয়,

১০ টাকায় খোলা কৃষকের হিসাব ব্যবহারে গতিশীলতা আনয়ন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ জানুয়ারী ১৭, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

১০(দশ) টাকায় খোলা কৃষকের হিসাবকে লেনদেনের মাধ্যমে কার্যকরী করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- ১) ১০ টাকায় খোলা কৃষকের হিসাবসমূহের লেনদেন বৃদ্ধির লক্ষ্যে উক্ত হিসাবের উপর সুদহার সাধারণ সঞ্চয়ী হিসাবের চেয়ে ১-২% বেশী হারে প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- ২) ব্যাংকসমূহের প্রধান কার্যালয় তাদের সংশ্লিষ্ট শাখাসমূহের প্রধানগণকে ১০ টাকায় খোলা কৃষক হিসাব সচল রাখার বাৎসরিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে।
- ৩) ব্যাংক শাখাসমূহের ফিল্ড এ্যাসিস্ট্যান্ট/ফিল্ড সুপারভাইজারগণ যখন যে এলাকার মাঠ পর্যায়ে সরেজমিনে কাজ করেন তখন ঐ এলাকার ১০ টাকার হিসাবধারী কৃষকদের সাথে এ হিসাবের সুবিধা নিয়ে আলাপ করবেন ও তাদেরকে উদ্বুদ্ধ করবেন।
- ৪) প্রকাশ্যে ঋণ বিতরণ, ঋণ মেলা বা বিভিন্ন কৃষি সংক্রান্ত মেলায় ১০ টাকায় খোলা কৃষক হিসাবের মাধ্যমে লেনদেন করার সুবিধা সম্পর্কে প্রচার প্রচারণা করতে পারে।
- ৫) ১০ টাকায় খোলা কৃষক হিসাবে রক্ষিত সঞ্চয়ের উপর ৯০% পর্যন্ত স্বল্প সুদে ঋণ সুবিধা প্রদানের বিষয়টি বিবেচনা করতে পারে।
- ৬) ১০ টাকায় খোলা কৃষক হিসাবসমূহকে Inoperative বা Dormant করা যাবে না।
- ৭) দেশের অভ্যন্তরে বিভিন্ন জায়গায় অধ্যয়নরত কৃষকের ছেলেমেয়েদের জন্য অর্থ প্রেরণের ক্ষেত্রে উক্ত হিসাব ব্যবহারে কৃষকদের অবগত ও উদ্বুদ্ধ করতে হবে।
- ৮) বিদেশে অবস্থানরত কৃষকদের আত্মীয়স্বজন ও ছেলেমেয়ে যাতে উক্ত হিসাবের মাধ্যমে টাকা পাঠায় সেজন্য কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে।
- ৯) কৃষকদের ফসল বিক্রির টাকা বা নিজের কাছে গচ্ছিত টাকা এ হিসাবে জমা রেখে লেনদেন করার জন্য পরামর্শ প্রদান করতে হবে।
- ১০) এ হিসাব হতে কোন চার্জ/ফি আদায় করা হয় না এবং ১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত স্থিতির উপর প্রযোজ্য আবগারী শুল্ক নেই। এ বিষয়ে প্রচার প্রচারণার মাধ্যমে কৃষকদের জানাতে হবে যাতে করে কৃষকগণ এ হিসাবে সঞ্চয় ও লেনদেন করতে উৎসাহ বোধ করেন।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

(প্রাণ শঙ্কর দত্ত)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোন : ৯৫৩০১১৫